

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের  
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ১১, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।  
[www nbr.gov.bd](http://www nbr.gov.bd)

প্রজ্ঞাপন

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ, ১৪২৭ বঙ্গাব্দ/ ১১ জুন, ২০২০ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন নং-৪৭/২০২০/কাস্টমস।- Customs Act, 1969 (Act No IV of 1969) এর Section 43 এর Sub-Section (5) এবং Section 44 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Pre-arrival Processing (PAP) পদ্ধতি চালু করিল। এই পদ্ধতির আওতায় Import Manifest দাখিল ও পণ্যচালান খালাসের পদ্ধতি নিম্নরূপ হইবে:

২। আমদানিত্বয় পণ্যচালানের Import Manifest দাখিল ও পণ্যচালান খালাসের ক্ষেত্রে অনুসরণীয় পদ্ধতি:

- (ক) জাহাজ/উড়োজাহাজ সর্বশেষ বন্দর (Last Port of Call) ত্যাগের পূর্বেই জাহাজ বা উড়োজাহাজের ক্যাপ্টেন/ শিপিং এজেন্ট/ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট/ এয়ারলাইন্স কর্তৃপক্ষ বা তাহার এজেন্ট/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনলাইনে Import Manifest দাখিল করিতে হইবে।
- (খ) আগমনি জাহাজ বা উড়োজাহাজের ক্যাপ্টেন/শিপিং এজেন্ট/ফ্রেইট ফরোয়ার্ডার্স এজেন্ট/এয়ারলাইন্স কর্তৃপক্ষ বা তাহার এজেন্ট/ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক Import Manifest দাখিলের ২৪ (চারিশ) ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউসের IGM শাখা কর্তৃক মাস্টার বিল অব লেডিং ও হাউস বিল অব লেডিং/মাস্টার এয়ারওয়ে বিল ও হাউস এয়ারওয়ে বিল সমন্বয়পূর্বক উড়োজাহাজ/জাহাজের রেজিস্ট্রেশন নম্বর প্রদানের কার্য সম্পন্ন করিতে হইবে।

( ৫৬২৩ )

মূল্য : টার

আশাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ

জুন, ২০২০ খ্রিস্টাব্দ

থ: ১১/০৬/২০২০ খ্রিঃ।

1969 (Act No IV  
জাতীয় রাজস্ব বোর্ড Pre-  
র পদ্ধতি আদেশ জারি

১১।

কল্প ব্যবস্থাপনা)

ail.com

২৭৯

পূর্ব)/চট্টগ্রাম/রাজশাহী/

কাকা।

কার্যক্রম প্রহণের জন্য

।/বি, আগ্রাবাদ বা/এ,

১। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

অনুলিপি সদয় জাতার্থে ও কার্যার্থে:

- (গ) উড়োজাহাজ/জাহাজের রেজিস্ট্রেশন নম্বর পাওয়ার পর Import Manifest এ কোন অসঙ্গতি পরিলক্ষিত হইলে তাহা রেজিস্ট্রেশন নম্বর প্রাপ্তির ২৪ (চারিশ) ঘণ্টার মধ্যে সংশোধনের আবেদন করিতে হইবে। ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যথাযথ বিবেচিত হইলে প্রযোজ্য ফি/জরিমানা আদায় সাপেক্ষে Import Manifest সংশোধন করা যাইবে।
- (ঘ) উড়োজাহাজ/জাহাজের রেজিস্ট্রেশন নম্বর পাওয়ার পর আমদানিকারক বা তার মনোনীত এজেন্ট Bill of Entry দাখিল করিতে পারিবেন।
- (ঙ) Bill of Entry দাখিলের পর যে সমস্ত পণ্যচালান কার্যক পরীক্ষণের জন্য মনোনীত হইবে অর্থাৎ কাস্টমস কম্পিউটার সিল্টেমে Red Lane-এ নির্বাচিত হইবে সেইগুলি ব্যক্তিত অন্যান্য পণ্যচালান আইনানুগ পদ্ধতি পরিপালন এবং প্রযোজনীয় দলিলাদি দাখিল সাপেক্ষে উড়োজাহাজ/জাহাজ আগমনের পূর্বেই শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিয়া রাখা যাইবে। প্রযোজ্য ক্ষেত্রে পণ্যচালান খালাসের সময় নমুনা পরীক্ষা করিয়া যথার্থতা নিশ্চিত করা যাইবে। তবে, ইহার মধ্যে কোন পণ্যচালানের বিষয়ে গোপন সংবাদ থাকিলে তাহা আগমনের পর প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার উপস্থিতিতে বিদ্যমান আইনানুগ পদ্ধতিতে শতভাগ কার্যক পরীক্ষা করা যাইবে।
- (চ) দাখিলকৃত Import Manifest সংশোধনীর ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা অনুসরণ করিতে হইবে:
- (১) Import Manifest এ বর্ণিত আমদানিকারক এবং সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে উভয়ের ক্ষেত্রে পণ্যচালান ছাড়করণের স্থগিতাদেশ বা Customs Act, 1969 এর Section 202 অনুসারে কোন কার্যক্রম চলমান নাই মর্মে নিশ্চিত হইতে হইবে;
  - (২) Import Manifest এ উল্লিখিত আমদানিকারকের অনাপত্তি পত্র ও সংশোধনীর মাধ্যমে যে আমদানিকারকের নাম অন্তর্ভুক্ত হইবে তাহার সম্পত্তিপত্র থাকিতে হইবে;
  - (৩) শিপিং এজেন্ট এবং সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক এর অনাপত্তিপত্র কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে;
  - (৪) পণ্যচালান ১০০% (শতভাগ) কার্যক পরীক্ষা করে মূল্য, কান্টি অব অরিজিন এবং শ্রেণিবিন্যাস সম্পর্কে যথাযথ অনুসন্ধানপূর্বক শুল্কায়ন করিতে হইবে;
  - (৫) পণ্যের কার্যক পরীক্ষাকালে কিংবা দাখিলকৃত দলিলাদিতে কোন অনিয়ম পাওয়া গেলে পণ্য চালানের শুল্কায়ন বৰ্জ থাকিবে এবং দলিলাদির সঠিকতা প্রাপ্তি সাপেক্ষে পণ্যের শুল্কায়ন ও খালাস দেওয়া যাইবে;

- (৬) Import Manifest সংশোধনের ক্ষেত্রে নির্ধারিত ফিস  
আদায়যোগ্য হইবে;
- (৭) আলোচ্য ক্ষেত্রে পণ্যের মূল্যের বিষয়টি সংশ্লিষ্ট কমিশনার বিধি  
মোতাবেক নিষ্পত্তি করিবেন।

৩। এই আদেশ জনসার্থে জারি করা হইলো এবং ইহা অবিলম্বে কার্যকর হইবে। তবে শর্ত  
থাকে যে, ব্রেক বাস্ক কার্গো, স্ক্যাপ জাহাজ এবং অয়েল ট্যাঙ্কারে আমদানির ক্ষেত্রে এ বিধান  
বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম  
চেয়ারম্যান  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

---

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আসাদুজ্জামান, উপপরিচালক (অতি: দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)